গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৬৫

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

বিষয়: "যাত্রবাড়ী (মেয়র হানিফ ফ্লাইওভার)-ডেমরা (সুলতানা কামাল সেতু) মহাসড়ক (আর-১১০) ৪ লেনে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় সড়ক সম্প্রসারণের জন্য ঢাকা জেলার ডেমরা উপজেলার মাতুয়াইল মৌজায় ০.১৮০০ একর বা ০.০৭২৮ হেক্টর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র:
১। ঢাকা সড়ক বিভাগ, সওজ কার্যালয়ের স্মারক নং-২৬২০; তারিখঃ ১৩/০৮/২০২০ খ্রি.
২। নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৮৬; তারিখঃ ২৩/০৯/২০১৯ খ্রি.
৩। ঢাকা সড়ক বিভাগ, সওজ কার্যালয়ের স্মারক নং-৩৩৮৬; তারিখঃ ০২/০৯/২০১৯ খ্রি.
৪। ঢাকা সড়ক বিভাগ, সওজ কার্যালয়ের স্মারক নং-৩৫.০১.২৬০০.৪১২.৩৪.০০১.২০/১৭০২, তারিখঃ ১১/০৫/২০২১ খ্রি.

যথাযথ সম্মানপূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "যাত্রাবাড়ী (মেয়র হানিফ ফ্লাইওভার)-ডেমরা (সুলতানা কামাল সেতু) মহাসড়ক (আর-১১০) ৪ লেনে উন্নীতকরণ"শীর্ষক প্রকল্পের আওতায় সড়ক সম্প্রসারণের জন্য ঢাকা জেলার ডেমরা উপজেলার মাতুয়াইল মৌজায় ০.১৮০০ একর (শূণ্য দশমিক এক আট শূণ্য শূণ্য একর) ভূমি অধিগ্রহনের জন্য আবেদন করা হয়।

মৌজা: মাতুয়াইল, জে এল.-২৫ থানা: ডেমরা

| ক্র. নং. | থানা | মৌজা নাম | জে.এল. নং. | আর.এস. দাগ নং | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | আংশিক/পূর্ণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ডেমরা | মাতুয়াইল | ২৫ | ৩৫৬৯ | ০.০১০০ | আংশিক |
| ২ | | | | ৩৭১৬ | ০.১৭০০ | আংশিক |
| মোট | | | | | ০.১৮০০ | |

তদ্বপ্রেক্ষিতে, উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী প্রস্তাবিত জমিতে বর্তমানে ড. হা্বিবুর রহমান মোল্লা কলেজের কলেজ ক্যান্টিন এর আংশিক ভবন পড়েছে বর্তমানে পরিত্যক্ত ও উক্ত ক্যান্টিন ভবনের ভিতর দিয়ে প্রায় ৬ (ছয়) ফুট প্রসস্ত পাকা ড্রেন তৈরী করা হয়েছে এবং অবশিষ্ট জমি খালি, যেখানে বর্তমানে ড. হাবিবুর রহমান মোল্লা কলেজের স্টাফ গাড়ী রাখা হয় (সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১, গুগল ম্যাপ, সংযুক্তি-০২)। রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত জমির ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে (প্রস্তাবিত জমির ভূমি ব্যবহার, সংযুক্তি- ০৩)। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সরকারী প্রয়োজনে এবং জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০৩৩.২০.৬, তারিখ: ০২/০৫/২০২১ ইং, সংযুক্তি-০৪)।

এমতাবস্থায়, ঢাকা জেলার ডেমরা থানাধীন মাতুয়াইল মৌজায় ০.১৮০০ (শূণ্য দশমিক এক আট শূণ্য শূণ্য) একর জমিতে "যাত্রাবাড়ী (মেয়র হানিফ ফ্লাইওভার)-ডেমরা (সুলতানা কামাল সেতু) মহাসড়ক (আর-১১০) ৪ লেনে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় সড়ক সম্প্রসারণের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন থাকায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারি প্রয়োজন ও জনস্বার্থে নির্দেশক্রমে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

শর্তসমূহঃ

১। রাজউক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র অনুসরণ করতে হবে।

২। প্রস্তাবিত এলাকায় প্রাকৃতিক পানি প্রবাহ অক্ষুন্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

৩। প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহনের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।


সংযুক্তিঃ

১। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন (2013/potrojariAttachmentRef/7457/0/3383),

২। গুগল ম্যাপ। (2014/potrojariAttachmentRef/7457/0/3383),

৩। প্রস্তাবিত জমির ভূমি ব্যবহার (2016/potrojariAttachmentRef/7457/0/3383),

৪। রাজউকের অনাপত্তিপত্র (2019/potrojariAttachmentRef/7457/0/3383),



২২-৬-২০২১

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

নির্বাহী প্রকৌশলী , সওজ, ঢাকা সড়ক বিভাগ, বনানী, ঢাকা,

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৬৫/১(৭)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর


৩) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর

৬) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২২-৬-২০২১

জাকিয়া সুলতানা

প্ল্যানার